

## মাধ্যমিকের জন্য চিঠি বা সেকেন্ডারি স্ক্রিপ্ট:

এটি স্কুল মেসেঞ্জার মাধ্যমিক স্কুলের প্রাক-নিবন্ধনী টেলিফোন কল বা স্কুল মেসেঞ্জার সেকেন্ডারী স্কুল টেলিফোন প্রি-রেজিস্ট্রেশন কলের বাংলা অনুবাদ যা আপনি ইংরেজীতে পাবেনঃ

টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (Toronto District School Board) থেকে আপনার শিশু যে এই সেপ্টেম্বরে (শিশুর জন্য নির্দিষ্ট) শ্রেণীতে যাবে তার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ বার্তা। (প্রতিটি শিশুর জন্য আপনি একটি করে টেলিফোন কল পাবেন। তারা কোন শ্রেণীতে পড়ে তার দ্বারা কলসমূহ শনাক্ত করা হবে।)

এটি আপনার শিশুর এই সেপ্টেম্বরে x শ্রেণীতে যাওয়া সম্পর্কিত টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড (Toronto District School Board) থেকে একটি গুরুত্বপূর্ণ বার্তা।

শিক্ষা মন্ত্রণালয় বা মিনিস্ট্রি অব এডুকেশন ঘোষণা করেছে যে মাধ্যমিক স্কুলসমূহ একটি অভিযোজিত মডেল এবং বর্ধিত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক বিধিমালা স্থাপন করে খুলবে। টিডিএসবিতে (TDSB), শিক্ষার্থীগণ স্বতন্ত্র কাজের সময় ও লাইভ অনলাইন শিক্ষণ উভয়ই সহ বাড়িতে শিক্ষা চালিয়ে যাবে তথা 15 জন শিক্ষার্থীর অপেক্ষাকৃত ছোট আকারের শ্রেণীতে একদিন অন্তর ব্যক্তিগতভাবে স্কুলে উপস্থিত থাকবে।

তাছাড়া, মাধ্যমিক স্কুলসমূহ কোয়ার্ডমেন্টার বা চার-সেমিস্টার সম্পন্ন সময়সূচি পরিচালনা করবে যা স্কুল শিক্ষবর্ষকে প্রতি 44 দিনকে চারটি দলে বা ব্লকে বিভক্ত করবে এবং যেখানে শিক্ষার্থীগণ প্রতিটি কোয়ার্ডমেন্টারে দুটি করে কোর্স নেবে।

সেপ্টেম্বরে আপনি আপনার শিশুকে ব্যক্তিগত-উপস্থিতির শিক্ষণের জন্য স্কুলে না পাঠাতে চাইলে, টিডিএসবির ভার্চুয়াল স্কুল ফর রিমোট লার্নিংয়ের (Virtual School for Remote Learning) মাধ্যমে বাড়িতেই আপনার শিশুর জন্য একটি সম্পূর্ণ দূরবর্তী শিক্ষণ বা রিমোট লার্নিংয়ের মডেল উপলভ্য হবে। যেহেতু স্বতন্ত্র স্কুল ভিত্তিক মডেলের জন্য পর্যাপ্ত তথ্য-সম্পদ প্রদান করা যাবে না, দূরবর্তী শিক্ষণ একটি কেন্দ্রীয় ভার্চুয়াল স্কুল মডেলের মাধ্যমে সরবরাহ করা হবে।

আপনার স্কুলকে সেপ্টেম্বরের জন্য শ্রেণী সংক্রান্ত তালিকা তৈরি করতে হবে, যার জন্য আমরা আপনাদের আপনার শিশুকে এই সময়ে ব্যক্তিগতভাবে (এর অর্থ স্কুলে) বা দূরবর্তী শিক্ষণের (এর অর্থ ভার্চুয়াল স্কুল) জন্য নিবন্ধন করতে অনুরোধ করছি।

1) সেপ্টেম্বরে আপনার শিশু কীভাবে স্কুলে ফেরত আসবে:

"আমার শিশু ব্যক্তিগতভাবে যোগ দেবে" এর জন্য 1 এ চাপ দিন।

"আমার শিশু ভার্চুয়াল স্কুল ফর রিমোট লার্নিং এ যোগ দেবে" এর জন্য 2 এ চাপ দিন।

আপনার নিবন্ধনের জন্য আপনাকে ধন্যবাদ। পরবর্তী পদক্ষেপগুলো সম্পর্কে হালনাগাদসমূহ এবং তথ্য পাওয়ার জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট [www.tdsb.on.ca](http://www.tdsb.on.ca) এ যান।